# ALL INDIA RADIO, SILCHAR

*************

## <u>EVENING BULLETIN</u> : <u>BENGALI</u>

## Date: - 07-06-2024

## *Time: 19:45-19:55 Hrs*

---------------------------------------

(১) আগামী রবিবার সন্ধ্যা ছ'টায় প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদীর তৃতীয়বারের জন্য দেশের প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ/ এন ডি এ'র নেতাদের রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে নতুন সরকার গঠনের দাবি উত্থাপন/

(২) এন ডি এ সংসদীয় দলের এক বৈঠকে নরেন্দ্র মোদী নেতা হিসেবে নির্বাচিত/ বৈঠকে অন্যান্যদের সঙ্গে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার অংশগ্রহণ/

(৩) ভারতীয় রিজার্ভ ব্যাংকের একটানা অষ্টমবারের জন্য রেপো'রেট অপরিবর্তিত/

এবং

(৪) জাতীয় স্বাস্থ্য অভিযান-আসামের উদ্যোগে আয়োজিত স্বাস্থ্য মন্থন-১২ শীর্ষক কর্মশালায় প্রতিটি জেলার স্বাস্থ্যসেবা প্রদর্শনের পর্যালোচনা/করিমগঞ্জ জেলাকে সেরা প্রদর্শনকারী জেলার স্বীকৃতি/

---------------------------------------------------------------------------

বিজেপির প্রবীণ নেতা নরেন্দ্র মোদী আগামী রবিবার তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করবেন । এদিন সন্ধ্যা ছ'টায় রাষ্ট্রপতি ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠান আয়োজিত হবে। রাষ্ট্রপতি শ্রীমতি দ্রৌপদী মুর্মু শ্রী মোদী এবং তাঁর মন্ত্রীসভার সদস্যদের শপথবাক্য পাঠ করাবেন । এন ডি এ'র নেতারা আজ রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে নতুন সরকার গঠনের দাবি জানান। ইতিমধ্যে এন ডি এ'র সংসদীয় দল সর্বসম্মতিক্রমে নরেন্দ্র মোদীকে তাদের নেতা হিসেবে নির্বাচন করেছে । নতুন দিল্লির পুরনো সংসদ ভবনের সেন্ট্রাল হলে অনুষ্ঠিত এন ডি এ সংসদীয় দলের বৈঠকে বিজেপির প্রবীণ নেতা ও কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং এন ডি এ'র নেতা হিসেবে শ্রী মোদীর নাম প্রস্তাব করেন । তার এই প্রস্তাবে এন ডি এ'র শরিক সবকটি দল সমর্থন জানায়। শ্রী মোদী লোকসভায় বিজেপির নেতা হিসেবে নির্বাচিত হওয়ার পাশাপাশি বিজেপি সংসদীয় দলের নেতা হিসেবেও নির্বাচিত হয়েছেন ।

এতে ভাষণ প্রসঙ্গে শ্রী মোদী বলেন যে- এন ডি এ ক্ষমতার জন্য একজোট হয়নি । এই মিত্রজোট সর্বদা দেশকে অগ্রাধিকার দিয়ে কাজ করে যাওয়ার জন্যে প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি মন্তব্য করেছেন । তিনি একইসঙ্গে এন ডি এ'কে ভারতের ইতিহাসের সবচেয়ে সফল মিত্রজোট বলেও আখ্যায়িত করেছেন । দেশের জনসাধারণ ২২ টি রাজ্যে সরকার গঠনের মাধ্যমে এন ডি এ'কে দেশসেবার সুযোগ প্রদান করেছে বলে শ্রী মোদী মত প্রকাশ করেন । এন ডি এ সরকারের সুশাসন ও বিকাশের উপর গুরুত্ব আরোপ করে বলে জানিয়ে তিনি এই সরকার সর্বসাধারণের জীবনে ন্যনুতম হস্তক্ষেপ করে বলে মন্তব্য করেন । এছাড়া জনসাধারণের জীবনশৈলী উন্নত করার উপর বিশেষ গুরুত্ব আরোপ করা হবে বলে শ্রী মোদী উল্লেখ করেন ।

আজকের বৈঠকে এন ডি এ'র শরিক দলগুলির নেতাগণ, বিজেপির প্রথমসারির নেতা সহ দেশের বিজেপি শাসিত রাজ্যগুলির মুখ্যমন্ত্রীরাও অংশগ্রহণ করেন । আসামের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা এবং মণিপুরের মুখ্যমন্ত্রী এন. বীরেন সিংহও এই বৈঠকে উপস্থিত ছিলেন । এদিকে আসামের মুখ্যমন্ত্রী ডঃ শর্মা এন ডি এ'র সংসদীয় দলের নেতা নির্বাচিত হওয়ায় শ্রী মোদীকে অভিনন্দন জানিয়েছেন । ডঃ শর্মা বলেন যে- এন ডি এ সরকার

তৃতীয়বারের কার্যকালে সংস্কারের নতুন প্রভাতের উদয় ঘটাবে এবং দেশের জনসাধারণকে উন্নয়নের দিকে ধাবিত করবে। বিগত দশকে নরেন্দ্র মোদীর নেতৃত্বে ভারত উল্লেখযোগ্য অগ্রগতি লাভ করেছে বলে উল্লেখ করে তিনি বলেন যে- উন্নয়নের এই ধারা অব্যাহত থাকবে । বিগত তিন বছরে আসাম সরকারের প্রচেষ্টা তথা কেন্দ্রীয় সরকারের সমর্থন-সহায়তায় রাজ্যে শান্তি বিরাজ করছে এবং রাজ্যের সার্বিক পরিস্থিতিতে স্থিরতা ফিরে এসেছে বলে তিনি মত প্রকাশ করেন । প্রায় সবকটি প্রথম সারির সন্ত্রাসবাদী সংগঠন আত্মসমর্পণ করেছে এবং বিকশিত আসাম গড়ে তোলার লক্ষ্যে জাতীয় জীবনের মূল স্রোতে ফিরে এসেছে বলে তিনি উল্লেখ করেন । লাগাতর তৃতীয়বারের কার্যকালের জন্য এন ডি এ’র সংসদীয় দলের নেতা হিসেবে নরেন্দ্র মোদীর নির্বাচিত হওয়ার ঘটনাটি প্রত্যক্ষ করার সুযোগ পাওয়াটা তার কাছে এক গৌরবের বিষয় বলে ডঃ শর্মা জানান । তিনি বলেন যে- শ্রী মোদীর জোরালো ভাষণে জনসাধারণের কল্যাণমুখী সুশাসন প্রদানের ক্ষেত্রে এন ডি এ সরকারের প্রতিচ্ছবি প্রতিফলিত হয়েছে।

অন্যদিকে এন ডি এ’র নেতা হিসেবে নির্বাচিত হওয়ার পর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিজেপির প্রবীণ নেতা লালকৃষ্ণ আদবাণী ও মুরলী মনোহর যোশীর সঙ্গে সাক্ষাৎ করে তাদের আশীর্বাদ গ্রহণ করেন । শ্রী মোদী একইসঙ্গে প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের সঙ্গেও নতুনদিল্লিতে থাকা তার বাসভবনে গিয়ে সাক্ষাৎ করেন ।

---

এন ডি এ মিত্রজোটের নেতারা আজ রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করে নতুন সরকার গঠনের দাবি জানানোর সঙ্গে সঙ্গে নতুন মন্ত্রীসভা নিয়ে জল্পনা কল্পনা শুরু হয়ে গেছে । দেশের বিভিন্ন প্রান্তের বেশকয়েকজন প্রথম সারির নেতা সংসদে নির্বাচিত হওয়ার পরিপ্রেক্ষিতে নতুন মন্ত্রীসভা নিয়ে জনসাধারণের মধ্যে উৎকণ্ঠা বিরাজ করছে । মিত্রজোটের বেশকয়েকজন প্রবীণ নেতা ও গতবারের মন্ত্রীদের এবারের মন্ত্রীসভায় স্থান পাওয়ার সম্ভাবনা রয়েছে ।

উত্তরপূর্বাঞ্চলের কোন্ কোন্ নেতা মোদী মন্ত্রীসভায় স্থান লাভ করবেন, তা-নিয়েও জল্পনা কল্পনা অব্যাহত রয়েছে । গতবার আসাম থেকে সর্বানন্দ সনোয়াল এবং রামেশ্বর তেলী মোদী মন্ত্রীসভায় স্থান লাভ করেছিলেন । এইবার আসামের ১৪টি আসনের মধ্যে এন ডি এ মিত্রজোট ১১ টি আসন লাভ করেছে। উত্তেপূর্বাঞ্চলের নব-নির্বাচিত সাংসদরাও আজকের এন ডি এ'র বৈঠকে অংশগ্রহণ করেছেন । মোদীর নতুন মন্ত্রীসভায় উত্তর পূর্বাঞ্চলের কোন্ কোন্ সাংসদ স্থান লাভ করবেন, সেটাই লক্ষ্যণীয় হবে ।

---------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে এন ডি এ সরকার বিগত দশকে শিক্ষা ক্ষেত্রের গুণগত পরিবর্তনের ওপর গুরুত্ব আরোপ করেছিল । কিউএস বিশ্ব বিশ্ববিদ্যালয় রেংকিংয়ে জি-২০ দেশসমুহের মধ্যে ভারতের বিশ্ববিদ্যালয়গুলোর প্রতিনিধিত্ব সর্বাধিক বৃদ্ধি পঞ্জীয়ন হওয়ার পর তিনি এই মন্তব্য করেন ।এই ক্ষেত্রে ভারতের বিশ্ববিদ্যালয় সমুহের রেংকিং বৃদ্ধির হার হচ্ছে ৩১ দশমিক ৮ শতাংশ ।সামাজিক মাধ্যমে এক পোষ্টে প্রধানমন্ত্রী শিক্ষার্থী , অধ্যাপক এবং প্রতিষ্ঠানগুলোর কঠোর পরিশ্রম এবং নিষ্ঠার প্রশংশা করেন ।তিনি তাঁর তৃতীয় কার্যকালে গবেষণা ও উদ্ভাবনের ক্ষেত্রকে উন্নীত করার প্রতিশ্রুতির কথা উল্লেখ করেন ।

---------------------------------------------------------------------------

ভারতীয় রিজার্ভ বেংক দ্বিমুখী মুদ্রা নীতি অনুসারে পলিসি রেপোরেট ৬ দশমিক ৫-০ শতাংশে অপরিবর্তিত রেখেছে ।রিজার্ভ বেংক একটানা অষ্টমবারের জন্য রেপোরেটের কোন পরিবর্তন করেনি ।ষ্টেন্ডিং ডিপোসিট ফেসিলিটি - এস ডি এফ 'র হার ৬ দশমিক ২-৫ শতাংশ এবং মার্জিনেল ষ্টেন্ডিং ফেসিলিটি - এম এস এফ'র হার তথা বেংকের হার ৬ দশমিক ৭-৫ শতাংশ অপরিবর্তিত রেখেছে ।কমিটি অর্থনৈতিক বৃদ্ধির ক্ষেত্রে উৎসাহ যোগানো সহ মুদ্রাস্ফীতি নির্ধারিত সীমার মধ্যে রাখার বিষয়ে গুরুত্ব আরোপ করেছে ।উল্লেখ্য আর বি আই'র মুদ্রানীতি কমিটির গত ৫ জুন থেকে তিনদিন ব্যাপী বৈঠকের পর আর বি আই'র গর্ভনর শক্তিকান্ত দাস এই সিদ্ধান্তের

বিষয়ে ঘোষণা করেন । তিনি বলেন যে মুদ্রাস্ফীতি এবং অর্থনৈতিক বৃদ্ধির ভারসাম্য সুবিধাজনক অবস্থানে রয়েছে ।

---------------------------------------------------------------------------

আজ বিশ্ব খাদ্য সুরক্ষা দিবস ।রাজ্যের স্বাস্থ্য ও পরিবার কল্যান বিভাগের অধীন খাদ্য সুরক্ষা সচিবালয়ের উদ্যোগে আজ গুয়াহাটীর শ্রীমন্ত শংকরদেব কলাক্ষেত্রের শ্রী শ্রী মাধবদেব প্রেক্ষাগৃহে এ উপলক্ষে এক সভা অনুষ্ঠিত হয়েছে ।সভায় 'অপ্রত্যাশিত পরিস্থিতির জন্য প্রস্তুতি' শীর্ষক বিষয়ের ওপর আলোচনা করা হয়েছে ।সভায় বিভিন্ন বক্তা সঠিক পরিমাণ তথা সুরক্ষিত খাদ্য গ্রহণের ক্ষেত্রে সরকার ও জনসাধারণের দায়বদ্ধতার ওপর গুরুত্ব আরোপ করে বক্তব্য রাখেন ।

---------------------------------------------------------------------------

জাতীয় স্বাস্থ্য অভিযান আসামের উদ্যোগে গুয়াহাটীর আসাম প্রশাসনিক পদাধিকারী মহাবিদ্যালয়ে আজ থেকে দুদিনব্যাপী কার্যসূচীএর মাধ্যমে স্বাস্থ্য মন্থন ১২ শীর্ষক এক কর্মশালা তথা পর্যালোচনা সভার আয়োজন করা হয় ।কর্মশালার উদ্বোধন করে জাতীয় স্বাস্থ্য অভিযান আসামের অভিযান সঞ্চালক ডঃ এম এস লক্ষীপ্রিয়া ২০২৩-২৪ অর্থবছরের সামগ্রিক প্রদর্শন প্রকাশ করে ।কর্মশলায় শ্রেষ্ঠ প্রদর্শনকারী জেলাসমুহকে সম্বর্ধনা জানানো হয় ।সভায় জেলা স্বাস্থ্য আধিকারীকদের উপস্থিতিতে প্রতিটি জেলার স্বাস্থ্যসেবা প্রদর্শন সম্পর্কে বিস্তারিত পর্যালোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------

জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে গৌহাটী খানাপাড়ার আসাম প্রশাসনিক পদাধিকারী কলেজে আয়োজিত স্বাস্থ্য মন্তন-১২ কার্য্যসূচীতে করিমগঞ্জ জেলা উজ্বল স্থান দখল করেছে । জাতীয় স্বাস্থ্য মিশনের অভিযান সঞ্চালক , এম এস লক্ষীপ্রিয়ার পৌরহিত্যে আয়োজিত অনুষ্ঠানে করিমগঞ্জ জেলা এম আই এস কার্য্যসূচী বাস্তবায়নে প্রথম স্থান দখল করেছে এবং এন সি ডি কার্য্যসূচী বাস্তবায়নে সেরা প্রদর্শনকারী জেলার স্বীকৃতি পেয়েছে । এছাড়া নিভিয়া প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের স্বাস্থ্য আধিকারীক ডক্টর সুদীপ নাগকে উচ্চ ঝুঁকিপূর্ন গর্ভবতী মহিলাদের অনুকরনীয় পরিষেবার জন্য জেলার সেরা প্রদর্শনকারী

হিসেবে সম্মান জানানো হয়েছে । দু দিনের এই অনুষ্ঠানের জেলা স্বাস্থ্য বিভাগের হয়ে যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং , এন এইচ এমের ডি পি এম হানিফ মোহম্মদ প্রমূখ অংশগ্রহন করেছেন ।

---------------------------------------------------------------------------

উত্তরপূর্ব সীমান্ত রেলওয়ে ভারী বর্ষার সময় স্বাভাবিক ও মসৃনভাবে ট্রেন পরিষেবা  নিশ্চিত করতে বেশ কিছু ব্যবস্থা গ্রহণ করেছে ।সীমান্ত রেলের পক্ষ থেকে সিভিল , মেকানিক্যাল , সিগনালিং , ইলেক্ট্রিক্যাল সম্পদ ও সরঞ্জাম ইত্যাদির উপযুক্ত সংরক্ষণ ও রক্ষণযাবেক্ষণের পাশাপাশি রেলওয়ে ট্র্যাকের নিরাপত্তার লক্ষ্যে বর্ষাকালের জন্য মিশন মোডে বেশ কিছু প্রস্তুতিমূলক কার্যব্যবস্থা গ্রহণ করা হয়েছে । এই প্রস্তুতির অংশ হিসেবে স্পর্শকাতর স্থানগুলোতে নিষ্কাশন ব্যবস্থা পরিস্কার করা , ব্রিজের বিপদস্তর চিহ্নিত করা , তাৎক্ষণিকভাবে পরিস্থিতি মোকাবিলা করার জন্য বিভিন্ন সামগ্রী ওয়াগনে মজুত করে রাখা হয়েছে । এছাড়া ট্র্যাক পরিদর্শনের জন্য অত্যাধুনিক সরঞ্জামে সজ্জিত টহলদারী দল নিয়োজিত করা হয়েছে ।এই দলটি আবহাওয়া দপ্তরের জারি করা বৃষ্টিপাতের সতর্কতার ওপর ভিত্তি করে ২৪ ঘন্টা ট্র্যাকের ওপর নজর রাখবে ।

---------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলা দূর্যোগ মোকাবিলা বিভাগের উদ্যোগে আজ হাফলং-এ জেলা আয়ুক্তের সভাকক্ষে বন্যার প্রাক প্রস্তুতি নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়েছে । জেলা আয়ুক্ত সীমান্ত কুমার দাসের পৌরহিত্যে আয়োজিত সভায় জেলার সব বিভাগগুলিকে প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলায় প্রস্তুত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে । এছাড়াও সভায় বন্যার মতো প্রাকৃতিক দূর্যোগ দেখা দিলে এবং যোগাযোগ বিচ্ছিন্ন হলে যাতে পর্য্যাপ্ত পরিমানে খাদ্য দ্রব্য মজুদ রাখার বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------

করিমগঞ্জের জেলা আয়ুক্ত মৃদুল কুমার যাদব জেলার মাধ্যমিক স্তরের বিদ্যালয়গুলিতে ২০২৪-২৫ শিক্ষাবর্ষ থেকে আরোহন প্রকল্প চালু করার উদ্যোগ নিয়েছেন । জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জেলার সব শিক্ষাকর্মী ও

কর্মচারীদের আরোহন পোর্টালে গিয়ে আগামী ২৫শে জুনের মধ্যে নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে । এই প্রকল্পের মাধ্যমে নবম থেকে দ্বাদশ শ্রেণী পাঠরত ১৩ থেকে ১৮ বছরের শিক্ষার্থীদেরকে কর্মজীবনের অগ্রগতি এবং সামগ্রিক বিকাশের জন্য পরামর্শ প্রদান করা হবে । উল্লেখ্য রাজ্য সরকার মাধ্যমিক স্তরের প্রতিভাধর শিক্ষার্থীদের অগ্রগতির দিকে লক্ষ্য রেখে রাজব্যব্যাপী আরোহন প্রকল্প শুরু করেছে ।

---------------------------------------------------------------------------